# হরমুজ প্রণালিতে ইরানি তেলবাহী জাহাজ চলাচলে অনুমতি যুক্তরাষ্ট্রের



ছবি: সংগৃহীত

পারস্য উপসাগরে সাম্প্রতিক হামলার কারণে হরমুজ প্রণালি দিয়ে তেলবাহী ট্যাংকারের চলাচল কমে গেলেও বৈশ্বিক জ্বালানি সরবরাহ সচল রাখতে নতুন সিদ্ধান্ত নিয়েছে যুক্তরাষ্ট্র। ইরানের বাণিজ্যিক জাহাজ, বিশেষ করে তেলবাহী ট্যাংকারগুলোকে প্রণালি ব্যবহার করে চলাচলের অনুমতি দেওয়া হয়েছে।

সোমবার (১৬ মার্চ) প্যারিসে সিএনবিসিকে দেওয়া এক সাক্ষাৎকারে মার্কিন অর্থমন্ত্রী স্কট বেসেন্ট বিষয়টি নিশ্চিত করেন। তিনি জানান, ইতোমধ্যে ইরানি জাহাজগুলো চলাচল শুরু করেছে এবং বিশ্ববাজারে সরবরাহ বজায় রাখতেই এই পদক্ষেপ নেওয়া হয়েছে।

বেসেন্ট আরও বলেন, ভারত ও চীনের জাহাজসহ অন্যান্য দেশের জাহাজও এই রুট ব্যবহার করছে এবং ভবিষ্যতে চলাচল আরও বাড়বে বলে আশা করা হচ্ছে। তার ভাষায়, আন্তর্জাতিক বাজারে জ্বালানির প্রবাহ স্বাভাবিক রাখতে এটি গুরুত্বপূর্ণ উদ্যোগ।

তিনি উল্লেখ করেন, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসনের মূল লক্ষ্য ইরানের সামরিক সক্ষমতা সীমিত করা—যার মধ্যে নৌবাহিনী, ক্ষেপণাস্ত্র ও ড্রোন কর্মসূচি অন্তর্ভুক্ত। তবে বাণিজ্যিক জাহাজ চলাচল বাধাগ্রস্ত করতে চায় না যুক্তরাষ্ট্র।

এদিকে যুক্তরাষ্ট্রের নৌবাহিনী ও মিত্রদের উপস্থিতি থাকা সত্ত্বেও ইরান প্রণালি দিয়ে প্রতিদিন প্রায় ১৫ লাখ ব্যারেল তেল রপ্তানি অব্যাহত রেখেছে। একইসঙ্গে ভারত ও চীনের জন্য সরবরাহকারী ট্যাংকারগুলোর চলাচলও বাড়ছে বলে ধারণা করা হচ্ছে।

LENS ASIA